

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫০৯

আগরতলা, ০৫ সেপ্টেম্বর, ২০১৯

শিক্ষক দিবসে শিশুবিহার স্কুলে শিক্ষার্থীদের
অনুপ্রেরণামূলক পাঠদান করলেন মুখ্যমন্ত্রী

৫৮তম শিক্ষক দিবস উদযাপন উপলক্ষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ আগরতলার শিশুবিহার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণীর শিক্ষার্থীদেরকে অনুপ্রেরণামূলক পাঠদান করেন। শুরুতেই মুখ্যমন্ত্রী শ্রীদেব ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি এবং মহান দার্শনিক ড. সর্বপল্লী রাধাকৃষ্ণানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। মুখ্যমন্ত্রী একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের শ্রেণীকক্ষে পাঠদান করেন। পাঠদানকালে শিক্ষার্থীদের তিনি শিক্ষাক্ষেত্রে উৎকর্ষতা বাড়ানোর জন্য রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে শিক্ষার্থীদের কাছ থেকে জানতে চান। শিক্ষার্থীরাও মুখ্যমন্ত্রীর বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। শিক্ষার্থীদের সাথে ইতিহাস, সাধারণ জ্ঞান সহ আরও অন্যান্য বিভিন্ন বিষয়ে মুখ্যমন্ত্রীর মতবিনিময় হয়। মুখ্যমন্ত্রী শিক্ষা সমন্বিত শিক্ষার্থীদের লেখা ‘শিক্ষাদ্বীপ’ নামে একটি দেওয়াল পত্রিকা প্রকাশ করেন। সেই সময় শিক্ষামন্ত্রী রতনলাল নাথও উপস্থিত ছিলেন। পরে উপস্থিত সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী শ্রীদেব তাঁর অনুভূতি ব্যক্ত করেন। তিনি বলেন জীবনে এই প্রথমবার তিনি শিক্ষার্থীদের শিক্ষাদান করেন এবং এই পর্বাটি খুবই আনন্দদায়ক ছিল। রাজ্যের শিক্ষা ব্যবস্থার উন্নতিকরণের লক্ষ্যে রাজ্য সরকার যে সমস্ত কর্মসূচি গ্রহণ করেছে তিনি তার উল্লেখ করেন। তিনি বলেন, এন সি ই আর টি পাঠ্যক্রম চালু, শিক্ষক অভিভাবক বৈঠক, রাজ্যের শেষ প্রান্তে বসবাসকারী শিশুদের কাছেও শিক্ষা ব্যবস্থাকে পৌঁছে দেওয়া ইত্যাদি বিভিন্ন কর্মসূচি নিয়েছে শিক্ষা দপ্তর। এর সফলতাও এসেছে। গ্রেস মার্ক কমিয়ে দেওয়ার পরও মাধ্যমিক পরীক্ষায় পাশের হার ৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। জনজাতি অঞ্চলেও পাশের হার বৃদ্ধি রাজ্যের শিক্ষাক্ষেত্রকে এক নতুন দিশায় পৌঁছে দেবে। ত্রিপুরা থেকেও আগামী দিনে সর্বভারতীয় ইউ পি এস সি পরীক্ষায় সফলতার হার বাড়বে বলে তিনি আশা ব্যক্ত করেন। পাশাপাশি তিনি বলেন, অঙ্গনওয়াড়ী কেন্দ্রগুলিকে শক্তিশালী করাও সরকারের দায়িত্ব।

মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষকগণ হচ্ছেন জাতির মেরুদণ্ড। গুণগত শিক্ষা প্রদানের মাধ্যমে নবীন প্রজন্মকে স্বাবলম্বী করার উদ্দেশ্যে রাজ্য সরকার কাজ করছে। ত্রিপুরাকে মডেল এবং সমৃদ্ধশালী রাজ্য বানানোর এটি একটি মাইলফলক। অনুষ্ঠানে বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধিকর্তা তনুশ্রী দেববর্মা, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা ইউ কে চাকমা উপস্থিত ছিলেন।
